# মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-২৬ : অনেক লোকের, বিশেষত অনেক প্রাথমিক ছাত্রের মনে উদ্রেক হয় যে, ইলমী মাজলিসে বেশি বেশি অংশগ্রহণ করলে, বেশি বেশি দলীল-প্রমাণ জানলে, সে এই ‘ইলমের কতখানি তাবলীগ করেছে, কতটুকুই বা নিজে ‘আমল করেছে এ ব্যাপারে বেশি জিজ্ঞাসিত হবে। সুতরাং তারা এই জিজ্ঞাসিত হওয়ার ভয়ে শারঈ ‘ইলম অর্জন করা থেকে দূরে সরে যায়। এ সকল লোকদের ব্যাপারে আপনাদের দিকনির্দেশনা কী?

উত্তর : এটা একটা শয়তানের ওয়াসওয়াসা। শয়তান তোমাকে বলে বেশি জ্ঞানার্জন করো না। বেশি জানলে বিপদ বাড়বে। তোমার জানাটা তোমার বিপক্ষেই দলীল হয়ে দাঁড়াবে। এর প্রত্যুত্তরে আমরা বলি, আলিম উলামা থাকা সত্ত্বেও মূর্খতার উপর অবস্থান করা কি তোমার বিপক্ষে দলীল নয়? বরং ইলম, উলামা, দারস ইত্যাদি থাকা সত্ত্বেও তোমার মূর্খতার উপর অবস্থান করা, ‘ইলমী ক্লাসে অংশগ্রহণ না করা বেশি মারাত্মক।

কখনো কখনো হতে পারে যে তুমি তোমার জ্ঞান অনুযায়ী আমল করতে পারছ না। এর কারণ হলো প্রকৃতিগত ভাবেই মানুষের আমলের ক্ষেত্রে কিছু ঘাটতি থাকে; তার কিছু ভুল ভ্রান্তি থাকে।

এমতাবস্থায় সে যদি মাসজিদে আলিমদের আলোচনা অনুষ্ঠান ও ইলমী দারসে অংশগ্রহণ করে তাহলে আশা করা যায় যে সে সতর্ক হয়ে তার ভুল-ভ্রান্তি থেকে তাওবা করে সঠিক পথে ফিরে আসবে। এই মজলিসগুলোই হলো অন্তরের জন্য হায়াত স্বরূপ। সুতরাং শয়তান যেন তোমাকে এই সন্দেহ ও ওয়াসওয়াসা দ্বারা উপকারী ‘ইলম অর্জন করা থেকে বিরত না রাখে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13100

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন